


সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কিছু অসাধু চক্র বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মচারীদের নাম ভাঙ্গিয়ে সাধারণ শ্রমিকদের কাছে অনুদান সম্পর্কিত ভুল তথ্য দিয়ে বিভ্রান্তি সৃষ্টি করেছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে যাচাই-বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত পরিমাণ আর্থিক অনুদান বোর্ড সভায় অনুমোদনের পর আর্থিক সহায়তা প্রাপ্ত আবেদনকারীদের নামে A/C Pay চেক প্রস্তুত করা হয়। উক্ত চেক সমূহ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং শ্রম অধিদপ্তরের মাধ্যমে প্রদান করা হয়। এই বিষয়ে কোন তথ্য জানার প্রয়োজন হলে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন-এর মহাপরিচালকের কার্যালয়ে সরাসরি অথবা ফোনে (৯৫৪৫৮৬৭) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এই মর্মে সতর্ক করা যাচ্ছে যে, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে অনুদান প্রাপ্তির লক্ষ্যে কোন দালাল বা অসাধু ব্যক্তির সাথে যোগাযোগ ও কোন প্রকার আর্থিক লেনদেনে জরিত হবে না এবং অত্র দপ্তরের কোন কর্মকর্তা কর্মচারীকে জরিত করবেন না। কোন শ্রমিক যদি কোন প্রকার আর্থিক লেনদেন করেন তবে তার দায়ভার বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন নেবে না।

আরও জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের ১৮তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী শ্রমিকদের আর্থিক অনুদান প্রদানের প্রক্রিয়াটি অধিকতর স্বচ্ছ ও সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এবং রূপালী ব্যাংক শিওরক্যাশের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হতে যাচ্ছে। যার মাধ্যমে শ্রমিকরা শিউর ক্যাশের সহযোগীতায় নিজস্ব একাউন্ট খুলে ঘরে বসেই কোন মধ্যসত্ত্বভোগীর সম্পৃক্ততা ছাড়াই অতি সহজে তাদের অনুদানের টাকা পেয়ে যাবে।


ডাঃ এ. এম. এম. আনিসুল আউয়াল, পিএইচডি
মহাপরিচালক